

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

স্মারক নং- ০৫.৪৮.৯০৮৯.০০০.০৩.০৭২.২২. ১৪৮

তারিখ : ০৫ জুলাই ২০২২ খ্রি.

অস্থায়ী পশুর হাটের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ঈদুল আযহা/২০২২ উপলক্ষে কোরবানীর পশু বেচা-কেনার সুবিধার্থে সুনামগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত অস্থায়ী গবাদি পশুর হাট অদ্য ০৬.৭.২০২২ তারিখ রোজ বুধবার বেলা-১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ সদরে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত ডাকে অগ্রহী ডাককারী/ব্যক্তিকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অস্থায়ী পশুর হাটের নাম

ক্র. নং	অস্থায়ী পশুর হাটের নাম	অধিভুক্ত ইউনিয়নের নাম	মন্তব্য
০১	ব্রাহ্মণগাঁও বাজার অস্থায়ী পশুর হাট	কুরবাননগর	
০২	নৈগাং বাজার অস্থায়ী পশুর হাট	রঙ্গারচর	
০৩	বালাকান্দা বাজার অস্থায়ী পশুর হাট	সুরমা	
০৪	চৌমুহনী বাজার অস্থায়ী পশুর হাট	জাহাঙ্গীরনগর	
০৫	গৌরারং ইউনিয়নের রাখানগর পয়েন্টে সরকারি ভূমিতে অস্থায়ী পশুর হাট।	গৌরারং	

শর্তাবলী :

১. নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে ১০,০০০/- (দশ হাজার) টাকা অগ্রিম জামানত হিসাবে জমা প্রদান করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। সর্বোচ্চ ডাককারীর জামানতের অর্থ নিলাম ডাকের অর্থের সাথে সমন্বয় করা হবে এবং অন্যান্য ডাককারীর জামানতের অর্থ সাথে সাথে ফেরত দেয়া হবে।
২. সর্বোচ্চ ডাককারীর ডাক অনুমোদিত হলে জামানতের অর্থ বাদে অবশিষ্ট অর্থ ঐদিন জমা দিয়ে হাটের দখল বুঝে নিতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত করে হাটটি পুনঃ নিলাম ডাকের ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. অনুমোদিত ডাককারী নিলাম ডাকের উপর সরকার নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিতে হবে।
৪. নিলাম গ্রহণকারী ব্যক্তি কোন ক্রমেই পশুর হাট অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না। এরূপ কার্যকলাপ পরিলক্ষিত হলে নিলাম ডাক বাতিল করা হবে।
৫. সরকার নির্ধারিত হারে টোল আদায় করতে হবে। অতিরিক্ত হারে টোল আদায় করলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ ও সড়কে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
৭. ঈদুল আযহার দিন অর্থাৎ আগামী ১০.৭.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অস্থায়ী পশুর হাট বসানো যাবে। পরবর্তী সময়ে কোন পশুর হাট বসানো যাবে না।
৮. নিলাম ডাককারী হাটের অবস্থা ও শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। পরবর্তীতে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না।
৯. করোনা সংক্রমণ প্রতিরোধে সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্যবিধি মেনে পশুর হাট বসাতে হবে।
১০. কর্তৃপক্ষ নিলাম ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ইমরান শাহরীয়ার)

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

স্মারক নং- ০৫.৪৬.৯০৮৯.০০০.০৩.০৭২.২২.

তারিখ : ০৫ জুলাই ২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৪. সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদর।
৫. উপজেলা(সংশ্লিষ্ট সকল) কর্মকর্তা, সুনামগঞ্জ সদর।
৬. অফিসার-ইন-চার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ।
৭. চেয়ারম্যান..... (সকল) ইউপি, সুনামগঞ্জ সদর।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সুনামগঞ্জ সদর/ পৈন্দা ইউনিয়ন ভূমি অফিস, সুনামগঞ্জ সদর। তাঁর অধিক্ষেত্র হাট বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯. সহকারী প্রোগ্রামার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। বিজ্ঞপ্তিটি অদ্যই উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. নোটিশ বোর্ড, অত্রাফিস।



উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ